

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২০৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. রাসূলুল্লাহ (ﷺ) এর বাণীঃ যে ব্যক্তি ইমামের সাথে নামায পড়ে, ইমামের কিরাআতই তার কিরাআত এবং এতদসম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ قَوْلِهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ " مَنْ كَانَ لَهُ إِمَامٌ ، فَقِرَاءَةُ الْإِمَامِ لَهُ قِرَاءَةٌ " وَاحْتِلَاف الرِّوَايَات

আরবী

حَدَّثَنَا أَبُو عَبْدِ اللَّهِ مُحَمَّدُ بْنُ الْقَاسِمِ بْنِ زَكْرِيًّا الْمُحَارِبِيُّ بِالْكُوفَةِ ، ثَنَا أَبُو كُرَيْبٍ مُحَمَّدُ بِنُ الْعَلَاءِ ، ثَنَا أَسَدُ بْنُ عَمْرِو ، عَنْ أَبِي حَنِيفَةَ ، عَنْ مُوسَى بْنِ أَبِي عَائِشَةَ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَدَّادِ بْنِ الْهَادِ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ ، قَالَ : صَلِّى بِنَا رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَخَلْفَهُ رَجُلٌ يَقْرَأُ ، فَنَهَاهُ رَجُلٌ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَلَمَّا انْصَرَفَ تَنَازَعَا ، فَقَالَ : أَتَنْهَانِي عَنِ الْقِرَاءَةِ خَلْفَ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ ؟! فَتَنَازَعَا حَتَّى بَلَغَ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ ؟! فَتَنَازَعَا حَتَّى بَلَغَ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ . عَنْ أَبِي يُوسُفُقَ ، عَنْ أَبِي يُوسُفُ ، عَنْ أَبِي يُوسُفُ ، عَنْ أَبِي يُوسُفَ ، عَنْ أَبِي حَنِيفَةً

বাংলা

১২০৭(২). আবু আবদুল্লাহ মুহাম্মাদ ইবনুল কাসেম ইবনে যাকারিয়া আল-মুহারিবী (রহঃ) ... জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাদের নামায পড়ান এবং তাঁর পিছনে এক ব্যক্তি কিরাআত পড়েন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর একজন সাহাবী তাকে কিরাআত পড়তে নিমেধ করেন। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) নামায শেষ করার পর তারা উভয়ে বিতর্কে লিপ্ত হন। কিরাআত পাঠকারী বললেন, আপনি আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে কিরাআত পড়তে নিমেধ করছেন কেন? তাদের বিতর্ক এমন পর্যায়ে পৌছে যে, তা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কর্ণগোচর হলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "কোন ব্যক্তি ইমামের পিছনে নামায পডলে ইমামের কিরাআতই তার কিরাআত"।



আল-লাইছ (রহঃ) এই হাদীস আবু ইউসুফ (রহঃ) -আবু হানীফা (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন